



## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিভাগ আয়োজিত আন্তঃব্যাচ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৫ সেপ্টেম্বর ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিভাগ আয়োজিত আন্তঃব্যাচ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। ৫ সেপ্টেম্বর ২০২২ তারিখ বিকাল ৩ টায় অর্থনীতি বিভাগের ৫ম ও ৯ম ব্যাচের শিক্ষার্থীদের মধ্যে এ খেলা অনুষ্ঠিত হয়। এদিন বিকাল ৪ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে টুর্নামেন্টের ফাইনাল খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের খেলাধুলাসহ বিভিন্ন সহশিক্ষা কার্যক্রমে আরও বেশি সম্পৃক্ত হতে উৎসাহ প্রদান করেন। অর্থনীতি বিভাগের চেয়ারম্যান নাহিদা সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে অর্থনীতি বিভাগের শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য যে, গত ২৮ আগস্ট ২০২২ তারিখ এ টুর্নামেন্ট শুরু হয়েছিলো। টুর্নামেন্টে অর্থনীতি বিভাগের ৯ম ব্যাচ জয়লাভ করে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়